

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-১, শাখা-১  
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬

তারিখ: ২২ চৈত্র ১৪৩২  
০৫ এপ্রিল ২০২৬

পরিপত্র

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে:

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

- (১) '৩২১১১০৬-আপায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;
- (৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;
- (৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;
- (৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;
- (৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;
- (৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;
- (৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;
- (৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;
- (১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বনুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং
- (১১) সরকারি কর্মচারীদের গাভী চাষ সদস্যকে বিশেষ অগ্রিম (৭১১১১০৬-সদস্যক স্থল) পদান বন্ধ থাকবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
<https://dgfood.gov.bd>

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০০১.০২.৭৯৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ**

অর্থ মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



০৭-০৪-২০২৬

রেজা মোহাম্মাদ মহসিন

পরিচালক

ফোন : +৮৮০২৪১০৫৩৯১৬

ইমেইল : [daf@dgfood.gov.bd](mailto:daf@dgfood.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ৪। প্রধান মিলার, প্রধান মিলার এর দপ্তর, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৫। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো/চট্টগ্রাম সাইলো/আশুগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/খুলনা স্টিল সাইলো/মোংলা সাইলো/ময়মনসিংহ স্টিল সাইলো/মধুপুর স্টিল সাইলো/ বরিশাল স্টিল সাইলো/ মহেশ্বরপাশা স্টিল সাইলো।
- ৬। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর এবং
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০০১.০২.৭৯৭/১ (১০)

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। যুগ্ম সচিব, বাজেট ও হিসাব অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সহকারী সচিব, বাজেট-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
- ৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ৫। ব্যবস্থাপক (সকল), সিএসডি.....।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল).....।
- ৮। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা (সকল), এলএসডি-১.....।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সকল এলএসডি..... এবং
- ১০। অফিস কপি/মাস্টার কপি।



*Signature*

০৭-০৪-২০২৬

মাহমুদা আক্তার মৌসুমী  
উপপরিচালক (বিকল্প কর্মকর্তা)